গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
গবেষণা ও প্রকাশনা শাখা

# সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ১ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া<br>অতিরিক্ত মহাপরিচালক |
| সভার তারিখ | ৩০ নভেম্বর, ২০২১ (মঙ্গলবার ) |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | জুম অনলাইন প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | জনাব সায়মা আফরোজ ((যুগ্ম সচিব) প্রধান প্রশিক্ষক-১) এনএপিডি, ড. মোঃ নুরুজ্জামান (পরিচালক, গবেষণা ও প্রকাশনা) এনএপিডি, প্রকৌঃ মোঃ আবদুর রশিদ (পরিচালক, প্রশাসন ও অর্থ) এনএপিডি, জনাব মোহাম্মদ হাসান তারিক (পরিচালক, প্রশিক্ষণ) এনএপিডি, জনাব মঈনুদ্দিন আহমদ (ডেপুটি জেনারেল ম্যানেজার, জিটিসিএল), জনাব মোঃ ইমামুল হক (ডেপুটি জেনারেল ম্যানেজার, বোর্ড ডিভিশন, জিটিসিএল), জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী, উপ-পরিচালক (প্রশাসন) ও সিস্টেম এনালিস্ট (অ.দা.) এনএপিডি, জনাব মাহমুদ হাসান (বাংলাদেশ কোস্ট গার্ড), জনাব মোঃ মহিউদ্দিন মিয়া (সিনিয়র অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি, পরিকল্পনা বিভাগ), জনাব মোঃ রফিকুল ইসলাম (সিনিয়র অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি, পরিকল্পনা বিভাগ), জনাব মোহাম্মদ সাইফুদ্দিন (উপ-ব্যবস্থাপক, পেট্রোবাংলা), জনাব মির্জা নূর ইসলাম (সহকারী পরিচালক) এনএপিডি, জনাব মোঃ নুরুল আমিন (সহকারী প্রোগ্রামার) এনএপিডি, জনাব দীপায়ন চক্রবর্তী পার্থ (গবেষণা কর্মকর্তা) এনএপিডি, জনাব এ.এস.এম লুৎফুল হাবিব (গবেষণা কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ), জনাব মোঃ বোরহান উদ্দিন (সহকারী প্রকৌশলী, ঢাকা ওয়াসা), জনাব মোঃ আহসান হাবিব (সিইও, বিডিইনফোটেক), জনাব কপিল হালদার সজল (সিইও, মেসার্স বিএসএইচ ইন্টারন্যাশনাল)। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় সূচনা বক্তব্য প্রদান করেন। এরপর একাডেমির উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | কার্যবিবরণী দৃঢ়ীকরণ | গত ২৬ এপ্রিল, ২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২০-২০২১ অর্থবছরের অংশীজনের অংশগ্রহণে সভার_কার্যবিবরণী প্রেরণের পর কোনো সংশোধনী পাওয়া যায়নি। দৃঢ়ীকরণ করা যেতে পারে। | কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। | |
| ২. | অংশীজনের অংশগ্রহণ বৃদ্ধিকরণ সংক্রান্ত | সভায় যত বেশি সম্ভব অংশীজনের অংশগ্রহণ নিশ্চিতকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। | সভায় অংশীজনের অংশগ্রহণ বৃদ্ধি করার জন্য ৩০ জন অংশীজনকে আমন্ত্রণ জানানো যেতে পারে। | পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | ক্রয় কাজে স্বচ্ছতা ও বিলপ্রাপ্তি | বিবিধ আলোচনায় সভাপতি সভায় অংশগ্রহণকারী দুইজন ঠিকাদারকে মতামত প্রদানের আহ্বান জানালে বিডিইনফোটেক-এর সিইও জনাব মোঃ আহসান হাবিব এবং মেসার্স বিএসএইচ ইন্টারন্যাশনালের সিইও জনাব কপিল হালদার সজল আলোচনায় অংশ নিয়ে একাডেমির ক্রয় কাজে স্বচ্ছতা এবং বিলপ্রাপ্তি প্রক্রিয়ায় সন্তোষ প্রকাশ করেন। | এ বিষয়ে সুনাম ধরে রাখতে হবে এবং পরবর্তী সভায় ঠিকাদার / সাপ্লায়ার জাতীয় অংশীজনের অংশগ্রহণ বাড়াতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| 4. | পাঠদান পদ্ধতি আরো বেশি প্রাণবন্ত, দলগত অনুশীলন এবং Warm Up Session বা Games Session অন্তর্ভুক্তকরণ | এনএপিডির প্রশিক্ষণ সেশনগুলোতে দলগত অনুশীলন, কিছু সময়ের জন্য Warm Up বা Games Session অন্তর্ভুক্ত করে পাঠদানকে অধিক প্রাণবন্ত এবং একঘেয়েমি দূর করার বিষয়ে সভায় আলোকপাত করা হয়। প্রশিক্ষকগণকে সেশন পরিচালনার জন্য প্রদত্ত আমন্ত্রণপত্রে এ বিষয় সমূহ অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>এছাড়াও প্রশিক্ষণ কোর্স সমূহে Warm Up বা Games Session এবং Case Study সেশন পরিচালনার নিমিত্ত একাডেমির কর্মকর্তাদের জন্য একটি প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে যেখানে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ প্রশিক্ষক প্রশিক্ষণ প্রদান করতে পারেন। | প্রশিক্ষকগণকে সেশন পরিচালনার জন্য প্রদত্ত আমন্ত্রণপত্রে Warm Up বা Games Session এবং Case Study অন্তর্ভুক্ত করে সেশন পরিচালনার বিষয়ে অবহিত করতে হবে।<br><br>উক্ত বিষয়ে একাডেমির সকল ফ্যাকাল্টির প্রশিক্ষণের জন্য বাহিরের বিশেষজ্ঞ প্রশিক্ষক এনে তা বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও পরিচালক (প্রশিক্ষণ) |

| | | | | |
|---|---|---|---|---|
| 5. | DPP প্রণয়ন সংক্রান্ত প্রশিক্ষণ কোর্সে প্রায়োগিক (Practical) সেশন অন্তর্ভুক্তকরণ | প্রকল্প ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ কোর্সসমূহে DPP প্রণয়নের সময় বিভিন্ন বিষয় যেমন Log Frame, Cost-benefit Analysis, NPV, IRR, Discounting Methods, Risk Management, Procurement Plan, এবং Financial and Economic Appraisal প্রশিক্ষণার্থীরাদেরকে হাতে-কলমে প্রশিক্ষণের সুযোগ প্রদান করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হলে তা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। এছাড়াও ঢাকা ওয়াসার সহকারী প্রকৌশলী জনাব মোঃ বোরহান উদ্দীন ডিপিপি তৈরির সময় প্রাকটিক্যাল সেশন-এ কিছু রিয়েল ডাটা প্রশিক্ষণার্থীদেরকে প্রদান করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। এছাড়াও তিনি মনে করেন বিভিন্ন ধরনের (শতভাগ সরকারি অর্থায়নে অথবা বৈদেশিক সাহায্যপুষ্ট ইত্যাদি) প্রকল্পের অনুমোদিত ডিপিপি রেফারেন্স হিসেবে লাইব্রেরিতে রাখলে প্রশিক্ষণার্থীরা উপকৃত হবে। | বর্ণিত বিষয়গুলো প্র্যাকটিক্যাল সেশনের মাধ্যমে প্রশিক্ষণার্থীরা নিজেরা করতে পারছেন তা নিশ্চিত করতে হবে। প্রাকটিক্যাল সেশন-এ রিয়েল টাইম কিছু ফিক্সড ডাটা প্রশিক্ষণার্থীদেরকে প্রাকটিক্যাল কাজের পূর্বে প্রদান করার উদ্যোগ গ্রহণ করতে হবে। অনুমোদিত ডিপিপি সংগ্রহ ও প্রশিক্ষণার্থীদের সাথে শেয়ার করা ফিজিবল হবে কি-না তা যাচাই বাছাই করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) ও সংশ্লিষ্ট কোর্স ব্যবস্থাপনা |

০২। সভাপতি একাডেমির সুশাসন প্রতিষ্ঠায় গৃহিত সার্বিক কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান।

০৩। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া
অতিরিক্ত মহাপরিচালক

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৯.০৫.০০২.২১.৮৩

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪২৮
০২ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) কর্মকর্তা (সকল), এনএপিডি।

২) মহাপরিচালকের স্টাফ অফিসার (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

৩) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)



দীপায়ন চক্রবর্তী পার্থ
গবেষণা কর্মকর্তা-১